

প্রেস রিলিজ

তারিখ: ১১ জুলাই ২০২৫

বাউবির উপাচার্যের ঢাকাস্থ বিভিন্ন এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আজ ১১ জুলাই ২০২৫ তারিখ শুক্রবার সকালে ও বিকালে ঢাকাস্থ বিভিন্ন এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন বাউবির এইচএসসি প্রোগ্রামের পরীক্ষাগুলো পরিচালনার সার্বিক পরিস্থিতি সরেজমিনে পর্যবেক্ষণ করেন। উপাচার্য মহোদয় পরীক্ষার হলসমূহ ঘুরে দেখেন এবং শিক্ষার্থী, কেন্দ্র সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি নকলমুক্ত, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এই ধারা বজায় রাখার আহ্বান জানান। এ সময় উপাচার্য বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সারাদেশে ছড়িয়ে থাকা শিক্ষার্থীদের মানসম্মত ও নিরপেক্ষ মূল্যায়নের জন্য নিয়মিতভাবে পরীক্ষা পরিচালনা করে আসছে। শিক্ষার্থীরা যেন কোনো বাধা ছাড়াই স্বচ্ছভাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে, তা নিশ্চিত করাই আমাদের মূল লক্ষ্য।”



উল্লেখ্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৫ এর দ্বিতীয় দিনে আজ শুক্রবার ইংরেজি প্রথম পত্র ও দ্বিতীয় পত্র পরীক্ষা সারাদেশের ২৪৪টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হয়। বাউবির পক্ষ থেকে পরীক্ষা চলাকালীন নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে কেন্দ্রীয় মনিটরিং টিম গঠন করা হয়েছে এবং আঞ্চলিক পর্যায়ে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

যুগ্ম-পরিচালক

মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭